

প্রচ্ছদ

রাজ্যের খবর

জাতীয়

আন্তর্জাতিক

খেলাধুলা

স্বাস্থ্য ও সচেতনতা

আরো

ফটো গ্যালারি

ভিডিও



ওবামার দেশে "NEWS UPDATE OF TRIPURA" – রসায়নে বিশ্ব পরিচিতি ডঃ অরিজিৎ দাসের জার্নাল প্রকাশিত আমেরিকার বিখ্যাত ওয়েবসাইটে

Posted on **September 8, 2015** by **santanu99** —

দেবজিৎ চক্রবর্তী, আগরতলা, ৮ সেপ্টেম্বর ॥ “নিউজ আপডেট অব ত্রিপুরা”-র সংবাদে আগরতলা রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপকের দূর্লভ কীর্তির ঘটনা ইতিমধ্যেই বেশ কয়েকবার পরিবেশিত হয়েছে। শিক্ষার্থীদের জন্য রসায়নকে সহজবোধ্য করার পাশাপাশি ডঃ অরিজিৎ দাসের অতিসম্প্রতি আবিষ্কৃত ‘Education in Chemical Science & Technology’ জার্নাল রসায়নকে আধুনিক গবেষণার ক্ষেত্রে নতুন দিকের সন্ধান দিতে যাচ্ছে – তার প্রমান আমেরিকার বিজ্ঞান সম্পৃক্ত বিশ্বখ্যাত ওয়েবসাইট <http://www.minerazzi.com> –এ প্রকাশ। রাজ্যের প্রথিতযশা সন্তান ডঃ অরিজিৎ দাসকে রসায়নে সমর্পিত, সাধক বললেও অত্যাুক্তি হয়না।



আমেরিকার <http://www.minerazzi.com/tools/hydrocarbons/parser.php> -এ ডঃ অরিজিৎ দাসের নব উদ্ভাবিত জার্নাল প্রকাশের সঙ্গে “NEWS UPDATE OF TRIPURA”-র নাম পৌঁছে গেছে ওবামার দেশে। ডঃ অরিজিৎ দাসের জার্নাল আমেরিকার যে ওয়েবসাইটে প্রকাশ হয়েছে তার সঙ্গে এদেশের কয়েকটি সংবাদ মাধ্যমের নামের তালিকায় ১নম্বরে রয়েছে “NEWS UPDATE OF TRIPURA”-র নাম, তারপর রয়েছে ‘TRIPURA INFO’ এবং ‘THE TELEGRAPH’ । “নিউজ আপডেট অব ত্রিপুরা”-র অগনিত পাঠকদের তরফে ডঃ অরিজিৎ দাসের বিশ্ব পরিচিতির এই মাহেন্দ্রক্ষণে শুভেচ্ছার সঙ্গে রইলো রসায়নে আগামীর আবিষ্কারের আগাম অভিনন্দন।



This entry was posted in **ত্রিপুরা** by **santanu99**. Bookmark the **permalink** [<http://newsupdateoftripura.com/archives/7949>].